জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট
ফোনঃ ৯৫৫১৩৩৭

নির্দেশ বিজ্ঞপ্তি নং-৮৬২/১৯

তারিখ: ০৬/০৩/২০১৯ খ্রিঃ
২২ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/সকল উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল ডিএমডি
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: নারী গ্রাহক বিশেষ সেবা মাস পালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। পৃথিবীর বিভিন্ন দেশ বিভিন্ন প্রতিপাদ্য বিষয় নিয়ে এ দিবস পালন করে থাকে। তৎপ্রেক্ষিতে দিবসের তাৎপর্য তুলে ধরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নারী উন্নয়নে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে নানামুখী কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক নারী দিবসকে কেন্দ্র করে মার্চ মাসকে ''নারী গ্রাহক বিশেষ সেবা মাস'' হিসেবে পালন করতে যাচ্ছে।

নারী গ্রাহক সেবা মাসের উদ্দেশ্য হলো:

- অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনে বিভিন্ন কর্মকান্ডে নারীদের অংশগ্রহণে উদ্বুদ্ধ করা;
- নারীদের সামাজিক সচেতনতা বৃদ্ধিতে সহায়তা করা;
- বিভিন্ন আয় উৎসারী কার্যক্রমে অংশগ্রহণে নারীদের আগ্রহী করে তোলা;
- ডিপোজিট হিসাব খুলতে উদ্বুদ্ধকরণপূর্বক সঞ্চয়ে আগ্রহী করে তোলা;
- ঋণ গ্রহণে উদ্বুদ্ধকরণপূর্বক বিভিন্ন আয় বর্ধক কর্মকান্ডে আগ্রহী করে তোলা;
- আত্মকর্মসংস্থান ও বিভিন্ন ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনায় নারী উদ্যোক্তা গড়ে তোলা;
- উপস্থিত নারীদের অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদান।

নারী গ্রাহক বিশেষ সেবা মাস আয়োজনে শাখা/এরিয়া অফিস/বিভাগীয় কার্যালয়/প্রধান কার্যালয়ের করণীয়:

১. শাখার সামনে দৃশ্যমান স্থানে ব্যানার টানানো;
ব্যানারের নমুনা:

| |
|---|
| জনতা ব্যাংক লিমিটেড<br>" নারী গ্রাহক বিশেষ সেবা মাস "<br>মার্চ, ২০১৯<br><br>**আন্তর্জাতিক নারী দিবস ২০১৯ এর প্রতিপাদ্যঃ**<br>**''সবাই মিলে ভাবো, নতুন কিছু করো, নারী-পুরুষ সমতার নতুন বিশ্ব গড়ো।''**<br>ব্যাংকের নারী গ্রাহক ও সম্ভাব্য গ্রাহকদের নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ, তাদের জিজ্ঞাসার জবাব এবং তথ্য অবহিতকরণসহ সার্বিক সহযোগিতা প্রদান করা হয়।<br>ক) ব্যাংকের বিভিন্ন সেবা, আমানত ও অগ্রীম;<br>খ) মহিলা উদ্যোক্তা উন্নয়ন;<br>গ) গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ ও অন্যান্য সেবামূলক কার্যক্রম;<br>ঘ) স্কুল ব্যাংকিং। |

২. নারী গ্রাহক বিশেষ সেবা মাস পালনের লক্ষ্য উদ্দেশ্য সম্পর্কে তাদের অবহিত করা;
৩. জনতা ব্যাংক লিমিটেড কর্তৃক নারীদের জন্য প্রণীত ক্রেডিট প্রোডাক্ট ও ডিপোজিট প্রোডাক্ট সম্পর্কে অবহিত করা এবং এর সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা;
৪. এ সেবা মাস পালন শেষে শাখা প্রতিবেদন তৈরি করে এরিয়া অফিসে প্রেরণ করবে, এরিয়া অফিস একীভূত প্রতিবেদন ও কর্পোরেট-১ শাখা বিভাগীয় কার্যালয়ে তাদের প্রতিবেদন প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় সকল প্রতিবেদন সংক্ষিপ্তরূপে একীভূত করে মতামতসহ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ের বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্টে প্রেরণ নিশ্চিত করবে;
৫. সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট বিভাগীয় কার্যালয় হতে প্রাপ্ত বিবরণী পর্যালোচনা করত: যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করবে।

চলমান পাতা-২

পূর্ববর্তী পৃষ্ঠার পরঃ

জনতা ব্যাংক লিমিটেড নারীদের স্বাবলম্বী করে গড়ে তোলার জন্য ইতোমধ্যে প্রতি মাসের ৩য় সপ্তাহে মহিলা গ্রাহক সেবা সপ্তাহ পালন, মহিলা উদ্যোক্তা ঋণ, হাঁস-মুরগি পালন, গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ, কুটিরশিল্প/হস্তশিল্পসহ বিভিন্ন আয় উৎসারী ঋণ প্রকল্প গ্রহণ করেছে। সঞ্চয়ের মাধ্যমে নারীদের অধিকতর স্বাবলম্বী করার মধ্য দিয়ে দেশের আর্থ-সামাজিক উন্নয়নকে টেকসই করার সুযোগ রয়েছে। এ লক্ষ্যে জনতা ব্যাংক লিমিটেড নারীদের জন্য নিম্ন বর্ণিত ক্রেডিট প্রোডাক্ট চালু করেছে।

ক্রেডিট প্রোডাক্ট:

১. গ্রামীণ নারী কর্মসংস্থান ঋণ (সুদ হার ৯.০০%)
কর্মসূচী নীতিমালা ও ঋণ নিয়মাচার, অক্টোবর ২০১৪
আরসিডি সার্কুলার-৪২/১৪, তারিখ: ২৬/০১/২০১৪

২. মহিলা উদ্যোক্তা উন্নয়ন ঋণ (সুদ হার ৯.০০%)
আরসিডি সার্কুলার-০৯/০৮, তারিখ: ২৯/০৪/২০০৮

৩. নারী উদ্যোক্তাদের বিশেষ ঋণ (পুন:অর্থায়ন স্কিমের আওতায়, সুদ হার ব্যাংক রেট +৪.০০%)
নির্দেশ বিজ্ঞপ্তি নং-২৩৩, তারিখ: ০৫/০৯/২০১০।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এই নির্দেশ বিজ্ঞপ্তি জারী করা হল।

মোঃ মফিজুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক

মোঃ আব্দুল জব্বার
মহাব্যবস্থাপক